দৈনিক বাংলা

১০৮

তারিখ 10 DEC 1993
পৃষ্ঠা ২ কলাম ৬

## টুঙ্গিপাড়ায় শেখ হাসিনা

# শিক্ষার আলো ছড়িয়ে দিতে হবে

সংবাদদাতা ঃ টুঙ্গিপাড়া, ৯ ডিসেম্বর।—জাতীয় সংসদের বিরোধীদলীয় নেত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা এখানে বলেছেন, আওয়ামী লীগ দশ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। এ লক্ষ্যে খুব শীঘ্রই কর্মপদ্ধতি প্রণয়ন করা হবে।

তিনি বুধবার টুঙ্গিপাড়া শেখ মুজিবুর রহমান ডিগ্রী কলেজের ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী ও কলেজের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। থানা নির্বাহী কর্মকর্তা আবদুন নূর-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সাহিত্যিক-সাংবাদিক রাহাত খান।

শেখ হাসিনা বলেন, শিক্ষা না হলে দেশের উন্নতি সম্ভব নয়। আমরা শিক্ষার আলোতে জাতিকে আলোকিত করতে চাই।

এর আগে মঙ্গলবার গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগ কার্যালয় প্রাঙ্গণে তাকে সংবর্ধনা দেয়া হয়। সংবর্ধনার জবাবে তিনি বলেন, এ সরকারের অধীনে নির্বাচন নিরপেক্ষ হতে পারে না। তিনি তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন দাবী করেন। তিনি বলেন, বর্তমান সরকার দুর্নীতি আর সন্ত্রাস ছাড়া কিছুই দিতে পারেনি।